বাংলাদেশ ও ভারতীয় সেনা বাহিনীর যৌথ সাইকেল র্যালী এখন মেহেরপুরে

স্বাধীনতার ৫০ বছর পুর্তী উপলক্ষ্যে যৌথ সাইকেল র্যালী করেছে বাংলাদেশ ও ভারতীয় সেনাবাহিনী। গত সোমবার (১৫ নভেম্বর) যশোর থেকে এ র্যালীটি শুরু হয়। শেষ হবে আগামী ১৯ নভেম্বর।

সেনা বাহিনী সুত্রে জানা গেছে, গত ১৫ নভেম্বর ভারতীয় সেনা বাহিনীর একটি চৌকস দল বাইসাইকেল র্যালী সহকারে যশোর সেনানিবাসে এসে পৌঁছায় । সেখানে ফ্লাগ অব শ্রীমনী শেষে বাংলাদেশ সেনাবাহিনীর একটি টীম এ র্যালীতে যোগ দেন। দু’দেশের ৩৯ জন সদস্য যশোর, ঝিনাইদহ ও কুষ্টিয়ায় অবস্থান করেন।

কুষ্টিয়া থেকে আজ বুধবার (১৭নভেম্বর) সকাল ১০ টায় মেহেরপুরের গাংনী জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে কিছুক্ষণ অবস্থান নিয়ে মেহেরপুরের উদ্দেশ্যে রওয়ানা হয়। সাইকেলভ্রমণে নের্তৃত্বে রয়েছেন মেজর মাহমুদ আফজাল এবং ভারতীয় সেনাবাহিনীর নের্তৃত্বে রয়েছেন কর্ণেল মুহিত সিং। র্যালীটি মেহেরপুর হয়ে চুয়াডাঙ্গা ও মুজিবনগর পরিদর্শন শেষে মেহেরপুর সার্কিট হাউজ ও টিটিসিতে অবস্থান করবে। যৌথ র্যালী আগামী ১৯ নভেম্বর চুয়াডাঙ্গার দর্শনা স্থল বন্দর দিয়ে ভারতে প্রবেশ করবে । গেদে স্থল বন্দরে ভারতীয় সেনা বাহিনী এ র্যালিটি রিসিভ করবেন।
র্যালিতে বাংলাদেশের র্যালীর নিরাপত্তা নিশ্চিত করতে সেনাবাহিনীর পাশাপাশি র্যাব ও পুলিশ বাহিনীর সদস্যরা কাজ করছেন।

মেহেরপুরে সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মেহেরপুরে ৩ মাসের সাজাপ্রাপ্ত আসামি রিপন হোসেন (৩০) নামের এক যুবককে গ্রেফতার করেছে ডিবি পুলিশের একটি দল। মঙ্গলবার বিকাল সাড়ে ৫টার দিকে সদর উপজেলার শ্যামপুর বাজার থেকে তাকে গ্রেফতার করা হয়।

রিপন হোসেন মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের ওবির হোসেনের ছেলে। জানা গেছে গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবি পুলিশের এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে শ্যামপুর বাজার এলাকায় অভিযান পরিচালনা করে বিশেষ কৌশলে রিপনকে গ্রেফতার করা হয়।

আলমডাঙ্গায় ইউপি সদস্যের বাড়ির সামনে থেকে ককটেল সাদৃশ্য বস্তু উদ্ধার

আলমডাঙ্গা উপজেলার হারদি ইউনিয়নের ইউপি সদস্য মুনতাজ আলীর বাড়ির সামনে থেকে ককটেল সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (১৬ নভেম্বর) ভোরে দিকে ওসমানপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা উদ্ধার করে বস্তুটি। মুনতাজ আলী হারদি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য।

ইউপি সদস্য মুনতাজ আলী বলেন, বাড়িতে মেহমান আসায় মঙ্গলবার ভোরে বাড়ি থেকে বের হবার সময় গেটের সামনে একটি ককটেল সাদৃশ্য বস্তু দেখতে পাই আমি। পরে স্থানীয় পুলিশ ক্যাম্পে জানানো হয়। খবর পেয়ে ওসমানপুর ক্যাম্প পুলিশ এসে ককটেল সাদৃশ্য বস্তুটি উদ্ধার করে নিয়ে যায়।

তিনি আরও বলেন, সোমবার বিকেলে একটি সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল রাখাকে কেন্দ্র করে কেউ আতংক ছাড়ানোর জন্য করতে পারে। যেহেতু আমার ইউনিয়নে নির্বাচন চলছে। এবার আমি ভোটে দাড়ায়নি। নৌকা প্রতীকের চেয়ারম্যান প্রার্থীর সমর্থক হিসেবে কাজ করছি। তবে এটা নির্বাচনকে কেন্দ্র করে কোন ঘটনা বলে আমি মনে করিনা। কেউ হয়তো দুষ্টুমি করে (৩য় পক্ষ) রেখে যেতে পারে।

ওসমানপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসএই) হাসনাইন সোহান বলেন, মঙ্গলবার ভোরে খবর পেয়ে হারদি ইউনিয়নের (ইউপি) সদস্য মুনতাজ আলীর বাড়ির সামনে থেকে একটি ককটেল সাদৃশ্য বস্তু উদ্ধার করে ক্যাম্পে নেয়ার প্রক্রিয়াধীন। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

উল্লেখ্য, আলমডাঙ্গা উপজেলায় হারদিসহ ১৩ টি ইউনিয়নে আগামী ২৮ নভেম্বর ভোট গ্রহন অনুষ্ঠিত হবে।

গাংনী মহিলা ডিগ্রি কলেজের গভর্ণিং বডির সভাপতি হলেন এম এ এস ইমন

মেহেরপুরের গাংনী মহিলা ডিগ্রি কলেজের গভর্ণিং বডির সভাপতি মনোনিত হয়েছেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক ও তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো: মশিউর রহমান সাক্ষরিত এক পরিপত্রে এ তথ্য জানা গেছে। তাঁকে এডহক ভিত্তিতে আগামি ৬ মাসের জন্য এ দায়িত্ব দেওয়া হয়েছে। যার স্মারক নম্বর: জাতি/বি/৫১৯৪৮।

এম এ এস ইমন অনলাইন ভিত্তিক অনুমোদিত আইপি টিভি রাজধানী টিভির চেয়ারম্যান, সাপ্তাহিক ঢাকা থেকের প্রকাশক ও সম্পাদক, আনিশা গ্রুপ অব কোম্পানীর চেয়ারম্যান এবং বাংলাদেশ আওয়ামী লীগের

কেন্দ্রিয় প্রচার ও প্রকাশনা উপ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী. এর সাবেক পরিচালক ছিলেন।

আলমডাঙ্গার ৭ টি মোটরসাইকেল ভাংচুর ও আগুন

আলমডাঙ্গা উপজেলার কুমারী ও ডাউকি ইউনিয়নে আওয়ামী লীগের মনোনীত নৌকা ও স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। গত রোববার রাত ১০ টা থেকে ১২ টা পর্যন্ত পৃথকভাবে এ ঘটনা ঘটে। এতে এক অন্তঃসত্ত্বা নারীসহ মোট ৫ জন আহত হয়েছে। এসময় কুমারী ইউনিয়নে ১ টি পুড়িয়ে দেয়াসহ ৭ টি মোটরসাইকেল ভাংচুর করা হয়েছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়। এঘটনায় পুলিশ কুমারী ইউনিয়নের নৌকা প্রতীকের সেলিম (২৫) ও স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর হিরণ নামের দুই কর্মীকে আটক করে থানা নিয়েছে। ঘটনার পর থেকে দুই ইউনিয়নে চরম আতংক বিরাজ করছে।

কুমারী ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী মোজাম্মেল হক বলেন, রোববার রাতে আমি পথসভা শেষ করে আমার নির্বাচনী অফিসে আসি। এসময় নৌকা প্রতীকের চেয়ারম্যান প্রার্থী আবু সাইদ পিন্টুর কর্মীরা হঠাৎ আমার নির্বাচনী অফিস ভাংচুর চালাই। এসময় আমার কর্মীর একটি মোটরসাইকেলে আগুন ধরিয়ে পুড়িয়ে দিয়েছে। আরও ৫ টি মোটরসাইকেল ভাংচুর করে তারা। এসময় আয়ুব আলী (৩০) নামে আমার এক কর্মীকে ব্যাপক মারধর করে। তাকে স্থানীভাবে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।
তিনি আরও বলেন, নৌকা প্রতীকের চেয়ারম্যান প্রার্থীর কর্মীরা তাদের নিজেদের অফিস ভাংচুর করে আমাদের নামে এখন দোষ চাপানোর চেষ্টা করছে।
কুমারী ইউনিয়নের নৌকা প্রতীকের চেয়ারম্যান (বর্তমান) প্রার্থী আবু সাইদ পিন্টু বলেন, স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর কোন অফিস ভাংচুর করেনি আমার কর্মীরা। উলটো তারাই আমার একটি অফিস ও দুটি মোটরসাইকেল ভাংচুর করেছে। এসময় রিপন ও লাভলু নামে দুজন কর্মীকে

মারধর করে তারা। তাদেরকে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।
অপর দিকে, ডাউকি ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নাজমুল হোসাইন বলেন, ইউনিয়নে ২ নং ওয়ার্ডের পোয়ামারি গ্রামে আমার একটি অফিস ভাংচুর করেছে নৌকা প্রতীকের চেয়ারম্যান (বর্তমান) প্রার্থী তরিকুল ইসলামের কর্মীরা। এসময় আমার কর্মী আলী হোসেনকে (৪০) মারধর ও তার অন্তঃসত্ত্বা স্ত্রী মিনি খাতুনের পেটে লাথি মেরে আহত করে। স্থানীভাবে তাদের দুজনকে প্রাথমিক চিকিৎসা দিয়েছি। ডাউকি ইউনিয়নের নৌকা প্রতীকের চেয়ারম্যান (বর্তমান) তরিকুল ইসলাম বলেন, ওটা বিএনপি নাকি জামাতের অফিস কেউ কিছুই জানেনা। কোন পোস্টার ও ছিলনা ওই অফিসে। ছোট একটি টং এর অফিস তাই ধাক্কাধাক্কির সময় হইতো ভেঙ্গে গেছে। আমার কর্মীরা কাউকে মারধর তো দূরের কথা উলটো আমার এক কর্মীকে তারা গালিগালাজ করেছে। আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, কুমারী ইউনিয়নে নৌকার চেয়ারম্যান প্রার্থী দুজনের আহতের কথা জেনেছি। স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর একটি মোটরসাইকেল কে বা কারা পুড়িয়ে দিয়েছে। এঘটনায় পুলিশ উভয়পক্ষের দুজনকে আটক করেছে। তিনি আরও বলেন, ডাউকি ইউনিয়নে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থীর অফিস ভাংচুরের খবর জেনেছি। তবে কোন হতাহতের ঘটনা ঘটেনি।

মুজিবনগরের মহাজনপুর ইউনিয়নে ভোট পুনঃগণনার দাবিতে মানববন্ধন

মুজিবনগরের মহাজনপুর ইউনিয়নের ১ ও ২ নং ওয়ার্ড যতারপুর গ্রামের ভোট পুনগণনার জন্য মানববন্ধন করেছে নৌকার প্রার্থী। মঙ্গলবার সকাল সাড়ে দশটায় মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।
মানববন্ধনে নেতৃত্বে দেন মহাজনপুর ইউনিয়নের নৌকা প্রতীকের প্রার্থী রেজাউর রহমান নান্নু।
মানববন্ধনের নৌকার প্রার্থী রেজাউর রহমান নান্নু বলেন, যতারপুর

গ্রামে এক ও দুই নম্বর কেন্দ্রে স্বতন্ত্র প্রার্থী মো হোসেন মিলুর লোকজন ভয়-ভীতি প্রদর্শন সহ কেন্দ্র দখল করে নৌকা প্রতীকের এজেন্টের দায়িত্ব পালনে বাধা দান প্রদান করে।সেইসাথে ভোটগ্রহণ গণনা পরবর্তী দুই ঘন্টা পর ভোট গণনা পোলিং অফিসার ও অফিসার এর স্বাক্ষরিত কোন শিট প্রদান করা হয়নি। পরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে ফলাফল ঘোষণা করা হয়েছে। তাই আমি অবিলম্বে উক্ত দুটি কেন্দ্রে ভোট গণনা অনিয়মের সঠিক তদন্ত দাবি করছি।
এসময় মহাজনপুর এলাকার সাধারণ মানুষ উপস্থিত ছিলেন। মানববন্ধন পরবর্তীতে জেলা প্রশাসক, পুলিশ সুপার ও নির্বাচন অফিসার বরাবর ভোট পুনঃগননার দাবিতে স্মারকলিপি প্রদান করা হয়।

উন্নয়নের ধারা অব্যাহত রাখতে চাই হলিধানী ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী হারুনর রশিদ

ঝিনাইদহ সদর উপজেলার ৪নং হলিধানী ইউনিয়নের আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ঝিনাইদহ সদর উপজেলা যুবলীগের যুগ্ম আহবায়ক ও বর্তমান চেয়ারম্যান আঃ রশিদ মিয়ার ছেলে হারুনর রশিদ। ইউনিয়নের সাধারণ মানুষের আস্থা আর বিশ্বাসের প্রতিক যার চরিত্রে অন্যায়, অনৈতিকতা, ধান্দাবাজি, নোংরামি ও চাঁদাবাজির কোন স্থান নাই। তিনি স্বচ্ছ ও মার্জিত ইমেজের অধিকারী, শিক্ষিত, সুদর্শন ও টগবগে এক হার না মানা যুবক। যার বাবা আঃ রশিদ মিয়া ছিলেন হলিধানী ইউনিয়ান আওয়ামী লীগের সভাপতি এবং বার বার নির্বাচিত চেয়ারম্যান। চেয়ারম্যান প্রার্থী হারুনর রশিদ বলেন তার বাবা হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের হাল ধরেন ১৯৯৬সালে। তিনি ইউনিয়নে ২১৮ ভোট থেকে আওয়ামী লীগের আজ ৭০০০ ভোটে পরিনত করেছেন। তিনি হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের প্রাণপুরষ বলে খ্যাত।
সেই প্রবীণ আওয়ামী লীগ নেতা যখন রাজনীতির সমীকরণে ইউনিয়নের

নির্বাচিত চেয়ারম্যান তখন ষড়যন্ত্র করে তাকে কারাগারে পাঠানো হয়। ষড়যন্ত্র করার একটাই কারন ছিলো ইউপি নির্বাচনে যেন আর প্রার্থী হতে না পারেন।
কিন্তু ইউনিয়ানের সাধারন মানুষ সব কিছু বুঝতে পেরেছে কে বা কারা এই প্রবীন আওয়ামী লীগ নেতার নামে মিথ্যা মামলা দেওয়ার সাথে জড়িত। তাই এবার ইউপি নির্বাচনে সাধারন মানুষ আঃ রশিদ মিয়ার বড় ছেলে হারুনর রশিদ কে বেঁচে নিতে চাই। একজন প্রবীন আওয়ামী লীগ নেতার নামে মিথ্যা মামলা দিয়ে কারাগারে পাঠিয়ে তারা হয়তো ভেবেছিলো চেয়ারম্যান হতে পারবে? কিন্তু কোন অসৎ ব্যক্তিদের ভোট দিয়ে চেয়ারম্যান বানাবেনা ইউনিয়নবাসী। সাধরন মানুষের একটাই প্রত্যাশা আঃ রশিদ মিয়ার ছেলে হারুনর রশিদকে ভোট দিয়ে জয় যুক্ত করবেন।

মেহেরপুরে শিশুকে যৌন নিপীড়নের অভিযোগে যুবকের ৭ বছরের সশ্রম কারাদণ্ড

মেহেরপুরের গাংনীতে ৯ বছর বয়সী এক শিশুকে যৌন নিপীড়ন করার অভিযোগ প্রমাণিত হওয়ায় দুলাল খান নামের এক যুবকের ৭ বছর সশ্রম কারাদণ্ড ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ডাদেশ দিয়েছে আদালত ।
সোমবার বিকালের দিকে মেহেরপুরের নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনালে আদালতের বিচারক মো তৌহিদুল ইসলাম-এর সাজা দেন।

সাজাপ্রাপ্ত দুলাল খান মেহেরপুরের গাংনী উপজেলার রংমহল গ্রামের আব্দুল্লাহ ছেলে। মামলার বিবরণে জানা গেছে ২০১৮ সালের ১৫ এপ্রিল গাংনী উপজেলার রংমহল গ্রামের দুলাল খান একই গ্রামের সিরাজুল ইসলামের বাড়িতে যায়। ওই সময়ে সিরাজুল ইসলামের কাছে এসে সিগারেট চাই।

সিরাজুল ইসলাম শিশু কন্যাকে সিগারেট দিতে বললে কৌশলে দুলাল খান দোকানে প্রবেশ করে ওই শিশুর যৌন নিপীড়ন করে। এসময় সে চিৎকার

করলে সিরাজুল ইসলাম সেখানে ছুটে গেলে দুলাল পালিয়ে যায়। ওই ঘটনায় সিরাজুল এর স্ত্রী আফরোজা খাতুন বাদী হয়ে ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইনের (৩)/১০ ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ১। জি আর কেস নং ৮২/১৮। এন এস নং১৩৮/১৮।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এস আই মাহাতাব উদ্দিন মামলা তদন্ত কাজ শেষ করে আদালতে চার্জশিট দাখিল করেন। মামলায় মোট ১৩ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন।

এতে আসামি দোষী প্রমাণিত হয় বিজ্ঞ আদালত তাকে ৭ বছর সশ্রম কারাদণ্ড ২০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ৬ মাসের কারা দণ্ডাদেশ দেন।

মামলায় নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে আদালতের পিপি আসাদুজ্জামান এবং আসামিপক্ষের মিনা পাল কৌশলী ছিলেন।

মেহেরপুরে শব্দ দূষণ নিয়ন্ত্রণে সচেতনতামূলক প্রশিক্ষণ

মেহেরপুর প্রশাসন ও কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে শব্দ দূষণ নিয়ন্ত্রণে সমন্বিত অংশীদারিত্বমূলক প্রকল্প এর আওতায় পরিবহন চালক ও শ্রমিকদের শব্দ সচেতনতামূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়।
সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আতাউর রহমানের সভাপতিত্বে প্রশিক্ষণের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার অপু সরেয়ার, মেহেরপুর বিআরটিএ কর্মকর্তা জিয়াউর রহমান, মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান প্রমূখ।

মেহেরপুরে অজ্ঞাত এক নারীর মরদেহ উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর সীমান্ত এলাকায় অজ্ঞাত এক নারীর মৃতদেহ পাওয়া গেছে। তার বয়স আনুমানিক ৫০ বছর। তবে ওই নারী মানসিক ভারসাম্যহীন বলে বাজিতপুর এলাকাবাসীর কাছ থেকে জানা গেছে।

সোমবার সকালের দিকে ভারতের নদিয়া জেলা তেহট্ট থানার ৮২ বিএসএফের বেস্টগঞ্জ কোম্পানির সদর থেকে ১০ গজ দূরে পাগলীর মৃতদেহ পড়ে থাকতে দেখা গেছে।
বাজিতপুর গ্রামের একাধিক ব্যক্তি জানিয়েছেন, গত ২-৩ দিন যাবত ওই পাগলী কে সীমান্ত এলাকায় ঘোরাফেরা করতে দেখা গেছে। গতকাল তার মৃত্যু হলে বিএসএফ সদস্যরা তড়িঘড়ি করে বাংলাদেশ সীমানায় ফেলে রেখে যায়। বিষয়টি বিজিবি সদস্যরা বিএসএফকে অবহিত করেছে বলে জানা গেছে। এবিষয়ে উভয় দেশের মধ্যে পতাকা বৈঠকের প্রস্তুতি চলছিল।